গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস্ এর কার্যালয়
হিসাব ভবন
ফজলুল হক এ্যাভিনিউ, বরিশাল।

নং-০৭.০৩.০৬০০.০০১.৩৪.০০১.২৫-২৭২ তারিখঃ ১৯/০৩/২০২৫ খ্রিঃ

বিভাগীয় উপ-পরিচালক
বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, বরিশাল।

**বিষয়ঃ প্রধান শিক্ষকের ২য় উচ্চতর গ্রেড (৯ম গ্রেড) মঞ্জুরের নিমিত্তে মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ- স্মারক নং-৩৮.০১.১০০০.০০০.০০০.১৮.০০০১.২০২৪, তারিখঃ ০৩/০৩/২০২৫ খ্রিঃ।

সূত্রস্থ পত্রের মাধ্যমে জনাব মোহাম্মদ নুরুজ্জামান আনসারী, প্রধান শিক্ষক, দক্ষিণ কাজিরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুলাদি, বরিশাল এর ২য় উচ্চতর গ্রেড (৯ম গ্রেড) মঞ্জুরের বিষয়ে মতামত চাওয়া হয়। কাগজপত্রাদি যাচাইয়ান্তে দেখা যায় যে, জনাব মোহাম্মদ নুরুজ্জামান আনসারী ১৮/০৭/২০০২ খ্রিঃ তারিখে প্রধান শিক্ষক পদে যোগদান করেন। প্রধান শিক্ষক পদে ২৯/০৮/২০০৬ খ্রিঃ তারিখে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক হিসেবে ১২ তম স্কেলে উন্নীত গ্রেড পান। পরবর্তীতে প্রধান শিক্ষক পদে ৮ বছর ১৮/০৭/২০১০ খ্রিঃ তারিখে ১১ তম স্কেলে ১ম টাইম স্কেল গ্রহণ করেন। প্রধান শিক্ষক পদটি ০৯/০৩/২০১৪ খ্রিঃ তারিখে ২য় শ্রেনীতে (১১ তম স্কেল) উন্নীত করায় তিনি ১ম টাইম স্কেলসহ ০৯/০৩/২০১৪ খ্রিঃ তারিখে ১০ ম গ্রেডে বেতন নির্ধারণ করেন। যেহেতু উন্নীত স্কেল প্রাপ্ত পদটির মূল বেতন গ্রেড ১১ তম গ্রেড সেহেতু পরবর্তী উচ্চতর গ্রেড হবে ১০তম গ্রেড। কিন্তু সংশ্লিষ্ট কর্মকর্তা ইতোমধ্যে তাঁর পদের মূল বেতন গ্রেডের ১ ধাপ উপরে তথা ১০ম গ্রেডে বেতন গ্রহণ করছেন।

এমতাবস্থায় আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সংশ্লিষ্ট বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-১৩, তারিখঃ ২৪/০১/২০২২ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী তাঁর প্রাপ্য ১ম উচ্চতর গ্রেড ০৯/০৩/২০২৪ খ্রিঃ তারিখে পূর্বের প্রাপ্ত উচ্চতর গ্রেড/টাইম স্কেল এর সাথে সমন্বয় হবে এবং ২য় উচ্চতর গ্রেড উন্নীত স্কেল প্রাপ্ত তারিখ হতে ১৬ বছর পূর্তিতে ০৯/০৩/২০৩০ খ্রিঃ তারিখে প্রাপ্য হবেন ।

(মোঃ রফিকুল ইসলাম)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস্ এর কার্যালয়
বরিশাল।
ফোনঃ ০৪৩১-২১৭৭৬৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা- ৫
www.mof.gov.bd

তারিখঃ ১০ মাঘ ১৪২৮ বঃ।
২৪ জানুয়ারী ২০২২ খ্রিঃ।

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কর্মচারী জনাব (১) মোঃ কাওসার মিয়া (২) মোঃ আকরাম হোসেন, জমাদার পদে চাকুরীতে ১০(দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড সংক্রান্ত মতামত/সিদ্ধান্ত।

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০০৯.৬২.০০১.২০-৩৭৫,তারিখ: ০৫/১২/২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কর্মচারি জনাব (১) মোঃ কাওসার মিয়া (২) মোঃ আকরাম হোসেন ইতোপূর্বে দারোয়ান/এমএলএসএস পদে ৩টি টাইমস্কেল ও ১টি সিলেকশন গ্রেড প্রাপ্ত হওয়ায় জমাদার পদে চাকুরীতে ১০ (দশ) বছর পূর্তিতে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ মোতাবেক প্রাপ্য ১ম উচ্চতর গ্রেড ২০/০৬/২০২০ তারিখে পূর্বের প্রাপ্ত উচ্চতর গ্রেড এর সাথে সমন্বয় হবে। ফলে জমাদার দুই জন নতুন করে কোন উচ্চতর গ্রেড পাবেন না।

২৪.০১.২২
(মোহাম্মদ হাবিব উল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৯২৭৬

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০৯.৬২.০০১.২০- ৬৭৫

তারিখঃ ০৫-১২-২০২১খ্রিঃ।

প্রাপকঃ

সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণঃ উপ সচিব, বাস্তবায়ন অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়]

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কর্মচারী জনাব (১) মো: কাওসার মিয়া (২) মো: আকরাম হোসেন, জমাদার পদে চাকুরীতে ১০ (দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড সংক্রান্ত মতামত/সিদ্ধান্ত প্রসঙ্গে।

সূত্রঃ- ১) সিএএফও/ বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর স্মারক নং সিএএফও/বাসুকো/ প্রশা/বিবিধ/খন্ড-৩/২৩/২৮১, তারিখঃ ২৩/০৯/২০২১খ্রিঃ।
২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর স্মারক নং-০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১)-২৩২, তারিখঃ ২১/০৯/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের জনাব (১) মো: কাওসার মিয়া (২) মো: আকরাম হোসেন, জমাদার চাকুরী ১০ (দশ) বছর পূর্তিতে অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-২৩২, তারিখঃ২১/০৯/২০১৬ এর গ(৩) অনুচ্ছেদ অনুযায়ী ১৫ তম গ্রেডে উচ্চতর গ্রেড প্রাপ্যতার জন্য আবেদন করেছেন।

সংশ্লিষ্ট কর্মচারীদ্বয় দারোয়ান/এমএলএসএস পদে ২০তম গ্রেডে চাকুরিতে যোগদান করেন। উক্ত পদে ৩(তিন)টি টাইমস্কেল এবং ১টি সিলেকশন গ্রেড প্রাপ্ত হয়ে ১৬তম গ্রেডে বেতন গ্রহণ করছেন। জনাব মো: কাওসার মিয়া ২২/০২/২০০৬খ্রিঃ তারিখে এবং জনাব মো: আকরাম হোসেন ২০/০৬/২০১০খ্রিঃ তারিখে জমাদার পদে ১৯তম গ্রেডে পদোন্নতি প্রাপ্ত হয়েছেন (কপি সংযুক্ত)। পদোন্নতি প্রাপ্ত (জমাদার) পদে সংশ্লিষ্ট কর্চারীগণ কোন টাইমস্কেল/সিলেকশন গ্রেড পাননি। যেহেতু কর্মচারীগণ জমাদার পদে কোন টাইমস্কেল পাননি,সেহেতু অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়ের ২১-০৯-২০১৬ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৬১. ০০.০০২.১৬(অংশ-১)-২৩২ নং পরিপত্রের (গ)(৩) অনুচ্ছেদ অনুযায়ী জমাদার পদে ১০ বছর পূর্তিতে জনাব মো: কাওসার মিয়াকে ২২/০২/২০১৬খ্রিঃ তারিখে এবং জনাব মো: আকরাম হোসেনকে ২০/০৬/২০২০খ্রিঃ তারিখে উচ্চতর গ্রেড হিসেবে ১৫তম গ্রেড মঞ্জুরী প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

সংশ্লিষ্ট কর্মচারীগণ দারোয়ান/এমএলএসএস পদে ৩টি টাইম স্কেল এবং ১টি সিলেকশন গ্রেড প্রাপ্ত হয়ে জমাদার পদে (পদোন্নতি প্রাপ্ত পদ) ৩য় টাইম স্কেলের সমস্কেলে বেতন আহরণ করছেন বিধায় সংশ্লিষ্ট কর্মচারীগণ জমাদার পদে ৩ (তিন)টি টাইমস্কেল প্রাপ্ত বলে গন্য করা যায়। জাতীয় বেতন স্কেল/২০১৫ এর অনুচ্ছেদ ৭(৪) এবং অর্থ মন্ত্রনালয়ের ২১-০৯-২০১৬ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৬১. ০০.০০২.১৬(অংশ-১)-২৩২ নং পরিপত্রের (গ)(১) অনুচ্ছেদ অনুযায়ী কোন কর্মচারী দুই বা ততোধিক টাইমস্কেল/সিলেকশন গ্রেড স্কেল পেয়ে থাকালে উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন না। সুতরাং বর্নিত কর্মচারীদ্বয় জমাদার পদে উচ্চতর গ্রেড প্রাপ্য নন বলে এ কার্যালয় মনেকরে।

জাতীয় বেতন স্কেল ২০১৫ ও অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-২৩২ তারিখ ২১/০৯/২০১৬ এর পরিপত্রে নিম্ন পদে টাইমস্কেল/সিলেকশন গ্রেড পেয়ে পদোন্নতি প্রাপ্ত পদের মূল স্কেলের দুই বা ততোধিক উপরের স্কেলে বেতন আহরণ করেন সে ক্ষেত্রে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে কোন নির্দেশনা না থাকায় বর্নিত উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহনে সংশয় সৃষ্টি হয়েছে।

এমতাবস্থায়, আলোচ্য বিষয়ে সিদ্ধান্তের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৭ (সাত) পাতা।

(ফাতেমা ইয়াসমিন)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৯৩৬০৮৫৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হিসাব ভবন (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নং-সিএএফও/বাসুকো/প্রশা/বিবিধ/খন্ড-৩/২৩/২৮৯ তারিখঃ ২৩/০৯/২০২১ খ্রি.

বরাবর

হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (বিধি ও পদ্ধতি শাখা)]।

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কর্মচারী জনাব (১) মোঃ কাওসার মিয়া (২) মোঃ আকরাম হোসেন, জমাদার চাকুরী ১০(দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড সংক্রান্ত মতামত/সিদ্ধান্ত প্রসঙ্গে।

সূত্রঃ ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা; তারিখঃ ২২/০৮/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের জনাব (১) মোঃ কাওসার মিয়া (২) মোঃ আকরাম হোসেন, জমাদার চাকুরী ১০(দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড সংক্রান্ত বেতন নির্ধারণী প্রতিপাদনের জন্য চাকুরী বহিগুলো অত্র কার্যালয়ে প্রেরণ করে।

সংশ্লিষ্ট কর্মচারীদের চাকুরী বহিগুলো যাচাইয়ান্তে দেখা যায় দারোয়ান/এমএলএসএস পদে ২০তম গ্রেডে যোগদান করে। উক্ত পদে টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রাপ্ত হয়ে ১৬ তম গ্রেডে বেতন গ্রহণ করে। জমাদার পদে (১) নং কর্মচারী ২২/০২/২০০৬খ্রিঃ এবং (২) নং কর্মচারী ২০/০৬/২০১০খ্রিঃ তারিখে ১৯ তম গ্রেডে পদোন্নতি প্রাপ্ত হয়েছেন। পদোন্নতি জমাদার পদে টাইমস্কেল/সিলেকশন গ্রেড না পাওয়ার ভিত্তিতে অর্থ মন্ত্রনালয়ের স্মারক নং-২৩২ তারিখ-২১০৯/২০১৬ এর (গ)-৩ অনুচ্ছেদ অনুযায়ী উক্ত জমাদার পদের অনুকুলে ১০ বছর পূর্তিতে (১) নং- কর্মচারীকে ২২/০২/২০১৬ খ্রিঃ এবং (২) নং কর্মচারী ২০/০৬/২০২০খ্রিঃ তারিখে ১৫ তম গ্রেডে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রতিপাদনের নিমিত্তে অনলাইন বেতন নির্ধারণী দাখিল করে এবং বেতন প্রতিপাদন করার জন্য প্রেরণ করেছে। উক্ত কর্মচারীদ্বয় জমাদার পদে ১৯তম গ্রেড হতে ১০/৬ বছর পূর্তিতে ১৮তম ও ১৭ তম গ্রেড পেতে পারেন। যেহেতু নিম্নপদে টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রাপ্ত হয়ে ১৬ তম গ্রেডে অবস্থান করছে সেহেতু ১৫তম গ্রেডে ১০(দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড প্রাপ্য হবে না মর্মে (ফেরৎ স্মারক লিপি নং-২১৭ তাং-১৬/৭/২০২১) ফেরৎ দেওয়া হয়। উক্ত আপত্তির জবাবে অর্থ মন্ত্রনালয়ের স্মারক নং-২৩২ তারিখ-২১/০৯/২০১৬ এর (গ)-৩ অনুচ্ছেদ অনুযায়ী জমাদার পদে ১০(দশ) বছর পূর্তিতে কর্মচারীদ্বয় ১৬ তম গ্রেডের পরবর্তী ১৫ তম গ্রেডে প্রাপ্য হবে কারণ উক্ত পরিপত্রে কোন পদের প্রারম্ভিক স্কেল হতে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে কোন কিছু উল্লেখ করা হয়নি।

এমতাবস্থায় সেহেতু উক্ত কর্মচারীদ্বয় পদোন্নতি পদে প্রারম্ভিক স্কেল ১৯ তম গ্রেড থেকে ২ (দুই) ধাপ উপরে ১৬ তম গ্রেডে অবস্থান করায় ১০(দশ) বছরে উচ্চতর স্কেল ১৫ তম গ্রেডে প্রাপ্য হবে না মর্মে এ কার্যালয় মনে করে।

উপর্যুক্ত বিষয়ে আপনার কার্যালয়ের মতামত/সিদ্ধান্তের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি—৪ কপি।

(নারায়ণ চন্দ্র সাহা)
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
সিএএফও/বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
ফোন- 8391655
ইমেইলঃ sccafo@.cga.gov.bd

স্মারক নং-সিএএফও/বাসুকো/প্রশা/বিবিধ/খন্ড-৩/২৩/ তারিখঃ /০৯/২০২১ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
২। ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৩। অফিস কপি।

(শাহনাজ বেগম)
অডিট এন্ড একাউন্টস অফিসার
ফোন- ৮৩৯১৬৫৫
ইমেইলঃ sccafo@.cga.gov.bd

অতিঃ সিজিএ (পদ্ধতি)
ডাইরী নম্বর ....... তারিখ ........
ডিসিজিএ (পদ্ধতি) ঃ অতি জরুরী
এএন্ডএও (পদ্ধতি-১) ঃ পরীক্ষা করে মতামত দিন।
এএন্ডএও (পদ্ধতি-২) ঃ পরীক্ষা করে মতামত দিন।